গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সমন্বয়-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

নং-৩৪.০০.০০০০.০৪৩.১৬.০১৫.২০-৬৩৫

তারিখ : ১৬ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
৩১ ডিসেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয় : ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২০) প্রতিবেদন প্রেরণ।

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং- ০৪.০০.০০০০.৮২২.১৪.০২২.১৬.১৪১, তারিখ: ২৪ সেপ্টেম্বর ২০২০ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২০) প্রতিবেদন এবং 'নৈতিকতা কমিটির' সভার কার্যবিবরণী নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো

সংযুক্তি : বর্ণনামতে।

৩১/১২/২০২০
(সেলিনা আক্তার)
সহকারী সচিব
ফোন : ৯৫৪৬৫৬১
ইমেইল:(csmoys66@gmail.com)

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
[দৃ : আ : সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা, সরকারি পরিবহন পুল ভবন, ঢাকা]।

অনুলিপি :

১। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা;
২। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটের শুদ্ধাচার সেবা বক্সে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সমন্বয়-২শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

বিষয় : যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মন্ত্রণালয়ের 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১' বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত 'নৈতিকতা কমিটি'র ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি	: জনাব মো: আখতার হোসেন সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সভার তারিখ	: ৩০.১২.২০২০ খ্রি.
সময়	: বেলা ১১:০০ ঘটিকা
স্থান	: ভিডিও কনফারেন্সিং (ZOOM) এর মাধ্যমে।

সভায় অংশগ্রহনকারী কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-ক-এ সন্নিবেশিত।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা' বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটি'র ২য় সভা মন্ত্রণালয়ের সচিব জনাব মো: আখতার হোসেন-এর সভাপতিত্বে অদ্য ৩০.১২.২০২০ তারিখে বেলা ১১:০০ ঘটিকায় ভিডিও কনফারেন্সিং (ZOOM) এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। সভার প্রারম্ভে ভিডিও কনফারেন্সিং (ZOOM) এর মাধ্যমে সভায় অংশগ্রহণকৃত মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। 'জাতীয় শুদ্ধাচার কৌশলের মূল লক্ষ্য শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সামাজে সুশাসন প্রতিষ্ঠা' বলে সভাপতি অভিমত ব্যক্ত করেন।

০২। সভায় গত ২৯ সেপ্টেম্বর, ২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়।

০৩। সভায় সভাপতির অনুমতিক্রমে এ মন্ত্রণালয়ের উপসচিব ও শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ফোকাল পয়েন্ট জনাব মোঃ ফজলে এলাহী ২৯ সেপ্টেম্বর, ২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির ভার্চুয়াল সভার সিদ্বান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। সভাপতি ২৯ সেপ্টেম্বর, ২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটি'র সভার সিদ্বান্তসমূহ বাস্তবায়িত হওয়ায় সন্তোষ প্রকাশ করেন।

০৪। এ মন্ত্রণালয়ের উপসচিব ও শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ফোকাল পয়েন্ট মন্ত্রীপরিষদ বিভাগের ২০/১২/২০২০ তারিখের সিদ্ধান্ত মোতাবেক 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১'-এর ১.১ ক্রমিকে নির্ধারিত কার্যক্রম 'নৈতিকতা কমিটির সভা'-এর জন্য নির্ধারিত নম্বর ৪- এর পরিবর্তে ২ এবং ১.২ ক্রমিকে নির্ধারিত কার্যক্রম 'নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন'- এর জন্য নির্ধারিত নম্বর ৪- এর পরিবর্তে ৬ করার জন্য প্রস্তাব করেন।

০৫। শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ফোকাল পয়েন্ট, মন্ত্রীপরিষদ বিভাগের যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক দাখিলকৃত ২০২০-২০২১ অর্থবছরের প্রথম ত্রৈমাসিকে বাস্তবায়িত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ওপর ২১/১২/২০২০ তারিখের ফিডব্যাক সভার নির্দেশনা মোতাবেক 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা

২০২০-২০২১'-এর ২.৩ ক্রমিকে নির্ধারিত কার্যক্রম 'কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন'-এর লক্ষ্যমাত্রা ৪৮ এর পরিবর্তে ৭৩ করার, ২.৪ ক্রমিকে নির্ধারিত কার্যক্রম 'কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন' এর লক্ষ্যমাত্রা ৪৮ এর পরিবর্তে ৫০ করার, ৬.২ ক্রমিকে নির্ধারিত কার্যক্রম 'মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠান কর্তৃক প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/ পরিবীক্ষণ'- এর লক্ষ্যমাত্রা ৬ এর পরিবর্তে ১৫ করার, ৮.২ ক্রমিকে নির্ধারিত কার্যক্রম 'শাখা/অধিশাখা ও আওতাধীন/ অধস্তন কার্যালয় পরিদর্শন'- এর লক্ষ্যমাত্রা ১০ এর পরিবর্তে ৫০ করার প্রস্তাব করেন। এছাড়াও 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১'-এর ৯.১ ক্রমিকে নির্ধারিত কার্যক্রম 'ডিজিটাল হাজিরা পদ্ধতি চালুকরণ' এর পরিবর্তে 'যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষন কোর্সসমূহের মধ্যে ০৫ টি কোর্সের_ অনলাইন ভিডিও ক্লাস প্রস্তুত করন ও ওয়েব সাইটে আপলোড করন', ৯.৩ ক্রমিকে নির্ধারিত কার্যক্রম 'মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা-কর্মচারিদের নিয়ে শুদ্ধাচার বিষয়ক সভা' এর পরিবর্তে 'বিকেএসপি-এর তৃণমূল পর্যায়ে ক্রীড়া প্রতিভা অন্বেষণ কার্যক্রম পরিবীক্ষণ' এবং ৯.৪ ক্রমিকে নির্ধারিত কার্যক্রম 'প্রকল্প অফিসের কর্মকর্তা/ কর্মচারিদের নিয়ে শুদ্ধাচার বিষয়ক সভা' এর পরিবর্তে 'ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়াপঞ্জি অনুযায়ি ক্রীড়া কর্মসূচি বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ' করার প্রস্তাব করেন।

০৬। সভাপতি 'যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণ কোর্সসমূহের মধ্যে ০৫ টি কোর্সের অনলাইন ভিডিও ক্লাস প্রস্তুত করন ও ওয়েব সাইটে আপলোড করন', 'বিকেএসপি-এর তৃণমূল পর্যায়ে ক্রীড়া প্রতিভা অন্বেষণ কার্যক্রম পরিবীক্ষণ', পরিবর্তে 'ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়াপঞ্জি অনুযায়ি ক্রীড়া কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ' কার্যক্রমসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করার নির্দেশনা প্রদান করেন।

০৭। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক) 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১'-এর ১.১ ক্রমিকে নির্ধারিত কার্যক্রম 'নৈতিকতা কমিটির সভা'-এর জন্য নির্ধারিত নম্বর ৪- এর পরিবর্তে ২ এবং ১.২ ক্রমিকে নির্ধারিত কার্যক্রম 'নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন'- এর জন্য নির্ধারিত নম্বর ৪- এর পরিবর্তে ৬ করা এবং 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১'-এর ২.৩ ক্রমিকে নির্ধারিত কার্যক্রম 'কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন'-এর লক্ষ্যমাত্রা ৪৮ এর পরিবর্তে ৭৩ করার, ২.৩ ক্রমিকে নির্ধারিত কার্যক্রম 'কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন' এর লক্ষ্যমাত্রা ৪৮ এর পরিবর্তে ৫০ করার, ৬.২ ক্রমিকে নির্ধারিত কার্যক্রম 'মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠান কর্তৃক প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/ পরিবীক্ষণ'- এর লক্ষ্যমাত্রা ৬ এর পরিবর্তে ১৫ করার, ৮.২ ক্রমিকে নির্ধারিত কার্যক্রম 'শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শন'- এর লক্ষ্যমাত্রা ১০ এর পরিবর্তে ৫০ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

খ) 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১'-এর ৯.১ ক্রমিকে নির্ধারিত কার্যক্রম 'ডিজিটাল হাজিরা পদ্ধতি চালুকরণ' এর পরিবর্তে 'যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণ কোর্সসমূহের মধ্যে ০৫ টি কোর্সের অনলাইন ভিডিও ক্লাস প্রস্তুত করন ও ওয়েব সাইটে আপলোড করন', ৯.৩ ক্রমিকে নির্ধারিত কার্যক্রম 'মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা-কর্মচারিদের নিয়ে শুদ্ধাচার বিষয়ক সভা' এর পরিবর্তে 'বিকেএসপি-এর তৃণমূল পর্যায়ে ক্রীড়া প্রতিভা অন্বেষণ কার্যক্রম পরিবীক্ষণ' এবং ৯.৪ ক্রমিকে নির্ধারিত কার্যক্রম 'প্রকল্প অফিসের কর্মকর্তা/ কর্মচারিদের নিয়ে শুদ্ধাচার বিষয়ক সভা' এর পরিবর্তে 'ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়াপঞ্জি অনুযায়ি

ক্রীড়া কর্মসূচি বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ' করার সিদ্ধান্ত গৃহীত হয়। এবং এ কার্যক্রমসমূহ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা কতৃর্ক যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

গ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থা-এর 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১'-এর ৩য় কোয়ার্টারের গৃহিত কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

ঘ) মন্ত্রণালয়ের সকল শাখা/অধিশাখা ও সকল দপ্তর/সংস্থা ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভার সিদ্বান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন ২০/০৩/২১ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের সমন্বয়-২ শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে।

ঙ) মন্ত্রীপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সংশোধিত 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১' আগামী ৩১ ডিসেম্বর,২০২০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

চ) এ মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন ১৫/০১/২০২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

০৮। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: আখতার হোসেন)
সচিব